

নাম পরিবর্তন করে ট্রাম্পের নামে হচ্ছে বিমানবন্দর

- A Monitor Desk Report

Date: 21 February, 2026



ঢাকা : যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যের একটি বিমানবন্দরের নাম পরিবর্তন করে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নামে রাখা হচ্ছে।

বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) অঙ্গরাজ্যটির আইনসভায় এ সংক্রান্ত একটি বিল পাস হয়েছে।

বিশ্বজুড়ে নিজের নামে অসংখ্য বহুতল ভবন নির্মাণ করে পরিচিতি পাওয়া আবাসন ব্যবসায়ী ডোনাল্ড ট্রাম্প এখন দেশের বিভিন্ন স্থাপনায় নিজের নাম যুক্ত করার এক নজিরবিহীন প্রচারণায় নেমেছেন।

ফ্লোরিডার রিপাবলিকান নিয়ন্ত্রিত আইনসভা পাম বিচ আন্তর্জাতিক বিমানবন্দরের নাম পরিবর্তন করে 'প্রেসিডেন্ট ডোনাল্ড জে. ট্রাম্প ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট' করার বিলটি অনুমোদন করেছে।

অঙ্গরাজ্যের গভর্নর রন ডিস্যান্টিস খুব শীঘ্রই বিলে সই করবেন বলে আশা করা হচ্ছে। এক সময় ট্রাম্পের ঘোর বিরোধী থাকলেও ডিস্যান্টিস এখন এই পদক্ষেপের সমর্থক।

বালুকাময় সৈকত এবং বিলাসবহুল প্রাসাদের জন্য পরিচিত পাম বিচ শহরটি ট্রাম্পের মার-এ-লাগো বাসভবনের খুব কাছেই অবস্থিত। বিমানবন্দরের এই নাম পরিবর্তনের জন্য এখন কেবল ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের (এফএএ) চূড়ান্ত অনুমোদনের প্রয়োজন হবে।

অনুমোদন পেলে এটি হবে ট্রাম্পের নামে নামকরণ করা সর্বশেষ কোনো প্রতিষ্ঠান। এর আগে গত ডিসেম্বরে ওয়াশিংটনের বিখ্যাত শিল্পকলা কেন্দ্র 'কেনেডি সেন্টার'-এর পরিচালনা পর্ষদ এর নাম বদলে 'ট্রাম্প-কেনেডি সেন্টার' করার পক্ষে ভোট দেয়। উল্লেখ্য, এই পর্ষদটি ট্রাম্প নিজেই গঠন করেছিলেন।

মার্কিন সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, ট্রাম্প নিউ ইয়র্কের পেন স্টেশন এবং ওয়াশিংটনের ডালস আন্তর্জাতিক বিমানবন্দরের নামও নিজের নামে করতে চেয়েছিলেন। তবে সেই প্রচেষ্টাগুলো তখন সফল হয়নি।

এদিকে, যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট নিশ্চিত করেছে যে, ট্রাম্পের ছবি সংবলিত ১ ডলারের একটি স্মারক মুদ্রার খসড়া তৈরি করা হয়েছে। যদিও দেশটির প্রচলিত আইন অনুযায়ী, ক্ষমতায় থাকা কোনো ব্যক্তি বা জীবিত কোনো প্রেসিডেন্টের ছবি মুদ্রায় প্রদর্শনের ওপর নিষেধাজ্ঞা রয়েছে।

-B